উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

**নভেম্বর /২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৮তম সাধারণ সভার কার্যবিবরণি**

**সভাপতি** : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
**স্থান** : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট

**সভার তারিখ ও সময়** : ২২ নভেম্বর ২০২১ সকাল : ১১.৩০ ঘটিকা
(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | নভেম্বর/২০২১ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই।<br>সিদ্ধান্ত : বিগত সভায় অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারীত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউডিএস,জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর নভেম্বর/২০২১ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদ চেয়ারম্যানের টেবিলের গ্লাস সরবরাহ বাবদ=৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা,জনাব দিলদার মিয়াকে উপজেলা পরিষদের পরিস্কার পরিচ্ছন্নতার বিল বাবদ =২০,০০০/- (বিশ হাজার) টাকা, জনাব হেলাল আহমদ, জীপ চালককে সেপ্টেম্বর /২০২১ মাসের জ্বালানী বিল বাবদ =২২,১৬০/-(বাইশ হাজার একশত ষাট) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| বিবিধ | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ বিভিন্ন প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ গৃহীত প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন করোনা ভাইরাসের ভ্যাকসিনের রেজিষ্ট্রেশন করানোর বিষয়টি সেবা গ্রহণকারীদের অবহিত করণের পদক্ষেপ গ্রহণের নিমিত্ত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত: ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>(গ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান বিভিন্ন সেচ প্রকল্পগুলো অচল রয়েছে। অচল সেচ প্রকল্পগুলো সচল করণের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্তঃ অচল সেচ প্রকল্পগুলো সচল করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের কাজ দ্রুত সম্পন্ন না হওয়ায় শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। বিদ্যালয় সমূহের কাজ দ্রুত সম্পন্নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্তঃ উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা প্রকৌশলী বালাগঞ্জ সভায় জানান,২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি)র আওতায় ইউনেস্কোর স্বীকৃতি প্রাপ্ত বালাগঞ্জের ঐতিহ্য শীতল পাটি ব্যান্ডিং এর লক্ষ্যে গোয়ালাবাজার জিসি-হাসামপুর- ইলাশপুর বালাগঞ্জ জিসি রাস্তায় বালাগঞ্জ সীমানায় স্থাপিত ম্যুরালের ডিজাইন সংশোধন করায় অতিরিক্ত =৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা ব্যয় হয়। অতিরিক্ত ব্যয় পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্তঃ অতিরিক্ত ব্যয় =৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা মেসার্স হানিফ ট্রেডার্স কে বিধি বিধান প্রতিপালন পূর্বক উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা প্রকৌশলী বালাগঞ্জ সভায় জানান, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাউন্ডারী ওয়াল ও গ্রীল রং করণ এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের সামনের রাস্তা মেরামত করা প্রয়োজন।<br>সিদ্ধান্তঃ উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাউন্ডারী ওয়াল, গ্রীল রং করণ এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের সামনের রাস্তা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) প্রকল্প পরিচালক,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা এর ১২/০৯/২০২১ তারিখের ২৪৮২ নং স্মারক পত্রটি সভায় উপস্থাপন করা হয়। পত্রের নির্দেশনা মতে সহকারী কমিশনার (ভূমি), বালাগঞ্জ তৎসংক্রান্ত প্রতিবেদন দাখিল করেন। দেশব্যাপী গ্রামীন বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় মার্কেট ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষে আরডিপিপি তে বালাগঞ্জ উপজেলার “মাদ্রাসা বাজার” এর নাম অন্তর্ভূক্ত আছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রস্তাবিত জায়গা ১নং খাস খতিয়ানভূক্ত এবং ৬নং রেজিষ্টারভূক্ত “মাদ্রাসা বাজার” নামে পেরিফেরিভূক্ত। প্রস্তাবিত জায়গাটি ১৯৬ নং জে এলস্থিত সিরাজপুর মৌজার বি এস ৯৫৬ নং দাগের অন্তর্ভূক্ত এবং ৫০ ফুট X১০০ ফুট পরিমান জায়গা রয়েছে এবং জায়গাটি নিষ্কন্টক। সার্বিক আলোচনায় স্কেচ ম্যাপ সহ প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণে উপস্থিত সকলেই একমত পোষন করেন।<br>সিদ্ধান্ত : প্রস্তাবিত জায়গাটি নিষ্কন্টক থাকায় প্রতিবেদন জেলা প্রশাসক, সিলেট বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সংশ্লিষ্ট সকল/ |

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১১/২০২১

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

তারিখ : ২২ নভেম্বর ২০২১

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ৪০৩ (৫০)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, সিলেট বিভাগ
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৪। জেলা প্রশাসক, সিলেট
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা ..................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান..................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট
০৩। জনাব.........................................................................

২২/১১/২১

(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

২০/১২/২১

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২১/১০/২০২১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/2022 | ১৬/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | | M.P. | | | | | |
| ০২. | জনাব মো: মোস্তাবুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | upz chm. | | | | | |
| ০৩. | জনাব মো: মাসুম উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | | |
| ০৪. | জনাব সেবু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব পৈলনপুর ইউপি | | | | | ২৬/০১/২২ | ২৪.০২.২২ | |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোয়ালজুড় ইউপি | | | | | | | |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ান বাজার ইউপি | | | ২২/১১/২১ | | | ২৪/২/২২ | |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | 19-09-2021 | | | | | | |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | | | | 20.12.21 | 13.01.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | ১৯/০৯/২০২১ | ২১/১০/২০২১ | ২২/১১/২০২১ | 20/12/2021 | ২৬/০১/২০২২ | ২৪/০২/২২ | ১৬/০৩/২২ |

| ক্রঃ | কর্মকর্তাবৃন্দ | ১২/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/২০২২ | ২৩/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ১৩/৩/২২ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] | — | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৩/০৩/২২ |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [illegible] | [illegible] | — | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | — | — | [illegible] | [illegible] | [illegible] | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ১৫ | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০৯/২০২১ | [illegible] | [illegible] | 22/11/2021 | ২০/১২/২০২১ | 26/01/22 | 14/2/2022 | 14/06/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা- | [signature] | [signature] | . | [signature] | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 14/06/2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা- | [signature] | [signature] | | [signature] | [signature] | | | [signature] |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার প্র: | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২০. | তথ্য সেবা কর্মকর্তা- | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা- | | | | | | | | |